

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আইসিটি শাখা
www.rdcd.gov.bd

বিষয়:- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহ কর্তৃক প্রেরিত ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি- এর দ্বিতীয় ত্রৈমাসিকসহ ষান্মাসিক অর্জন সংক্রান্ত প্রতিবেদন (জুলাই, ২০১৬-ডিসেম্বর, ২০১৬) পর্যালোচনার লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির দ্বিতীয় ত্রৈমাসিকসহ ষান্মাসিক অর্জন সংক্রান্ত প্রতিবেদন (জুলাই, ২০১৬-ডিসেম্বর, ২০১৬) পর্যালোচনার লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির পর্যালোচনা সংক্রান্ত এক সভা ৩০/০১/২০১৭ তারিখ বিকেল ৩:০০ টায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা 'পরিশিষ্ট ক' দৃষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের GPMS সেল এর প্রধান (যুগ্ম সচিব) জনাব মোঃ আফজাল হোসেনকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

আলোচনা:

এপিএ টিমের সদস্য জনাব মোঃ আফজাল হোসেন অধীনস্থ সকল দপ্তর/সংস্থার দ্বিতীয় ত্রৈমাসিকসহ ষান্মাসিক অর্জন প্রতিবেদন এর কৌশলগত ও বাধ্যতামূলক অংশ উপস্থাপন করেন এবং বিভিন্ন দপ্তর/সংস্থার নিকট প্রদর্শিত অর্জনের স্বপক্ষে প্রমাণক উপস্থাপনের অনুরোধ জানান। এর প্রেক্ষিতে দপ্তর/সংস্থাসমূহ আংশিক প্রমাণাদি উপস্থাপন করেন। সম্পূর্ণ প্রমাণাদি উপস্থাপন না করায় সভার সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। অর্জন প্রতিবেদন উপস্থাপনকালে দেখা যায়, কিছু কিছু নির্দেশকের ক্ষেত্রে ষান্মাসিক লক্ষ্যমাত্রার তুলনায় অর্জন অনেক কম এবং কিছু কিছু ক্ষেত্রে বার্ষিক লক্ষ্যমাত্রার তুলনায় ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভাপতি উক্ত ভুল তথ্য উপস্থাপনের জন্য অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি, বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের জন্য সতর্কতার সঙ্গে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্যও সকলকে নির্দেশ প্রদান করেন।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ১। এপিএ এর কৌশলগত উদ্দেশ্যের ক্ষেত্রে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে যে সকল ষান্মাসিক অর্জন পরিবীক্ষণ প্রতিবেদনে প্রদর্শন করেছে তার স্বপক্ষে উপযুক্ত প্রমাণক ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এ বিভাগে এ প্রেরণ করতে হবে।
- ২। যে সকল নির্দেশকের ক্ষেত্রে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত লক্ষ্যমাত্রার ৫০% অর্জিত হয়নি সেক্ষেত্রে পরবর্তী কোয়ার্টারের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং ২য় কোয়ার্টার পর্যন্ত অর্জন কম হওয়ায় সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার নিকট ব্যাখ্যা তলব করতে হবে।
- ৩। যে সকল দপ্তর/ সংস্থা লক্ষ্যমাত্রা নির্ধারণে বার্ষিক লক্ষ্যমাত্রার স্থলে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তথ্য প্রদান করেছেন তাদেরকে এ ভুলের ব্যাখ্যা চেয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. প্রশান্ত কুমার রায়)

সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ